

া দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ যাকাত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ঋণে নেওয়া টাকার যাকাত আদায় করতে হবে কি?

ঋণে নেওয়া টাকা যদি যাকাতের নিসাব পরিমাণ হয় অথবা তা মিলিয়ে নিসাব পূর্ণ হয় এবং তা ব্যবসা ইত্যাদিতে থেকে বছর পূর্ণ হয়, তাহলে ঋণগ্রহীতাকে তাঁর যাকাত আদায় করতে হবে।

ঋণগ্রস্ত ব্যক্তি যদি যাকাতের নিসাব পরিমাণ অর্থ থাকে এবং ঋণ পরিশোধ করার পরও নিসাব বহাল থাকে, তাহলে তাকে যাকাত অবশ্যই আদায় করতে হবে। অন্যথা ঋণ পরিশোধ করার পর যদি নিসাব বহাল না থাকে, তাহলে তাঁর উপর যাকাত ফর্য নয়।

জ্ঞাতব্য যে, ঋণগ্রস্ত ব্যক্তির জমির ওশর অথবা পশুর যাকাত ফরয হলেও অনুরূপ তাঁর উচিৎ আগে ঋণ পরিশোধ করা। অতঃপর নিসাব পরিমাণ থাকলে তাঁর ওশর বা যাকাত আদায় করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=173

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন